দৈনিক বাংলা

তারিখ 07 DEC 1992
পৃঃ ৭ কলাম ১৭

৮

03

# আলিম ফাযিল ও কামিল পরীক্ষার ফল

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯২ সালের আলিম ফাযিল ও কামিল পরীক্ষার ফল রোববার প্রকাশ করা হয়েছে। এবার আলিম সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির এই তিনটি গ্রুপে ১৩৫৬ জন ছাত্রীসহ মোট ২৫ হাজার ৭৬২ জন পরী-

(আটের পাতায় ৮-এর কঃ দ্রঃ)

## আলিম ফাযিল

( প্রথম পাতার পর )

ক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্যে ৫৬১ জন প্রথম বিভাগ, ৫৩৬৬ জন দ্বিতীয় বিভাগ ও ১২ হাজার ২৪৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৭০ দশমিক ৫৩ ভাগ।

ফাযিল পরীক্ষায় ২৫৯ জন ছাত্রীসহ মোট ১২ হাজার ৭৬৩ জন পরীক্ষার্থী অংশ নিয়েছে। তাদের মাঝে ১২৯ জন প্রথম বিভাগ, ৩৭০৭ জন দ্বিতীয় বিভাগ ও ৫ হাজার ২৮৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের হার শতকরা ৭১ দশমিক ৫০ ভাগ।

কামিল হাদীস, ফিকহ্ তাফসীর ও আদব এই চার বিভাগে ৫১ জন ছাত্রীসহ মোট ৬ হাজার ৭৪৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্যে পাস করেছে ২০৬ জন প্রথম শ্রেণীতে, ৩৪১৫ জন দ্বিতীয় শ্রেণীতে ও ১৭৮৫ জন তৃতীয় শ্রেণীতে। পাসের হার শতকরা ৮০ দশমিক ১৬ ভাগ।



মোঃ হারুনুর রশিদ
আলিম পরীক্ষায় প্রথম



মোহাম্মদ এসকান্দর আলম
ফাযিল পরীক্ষায় প্রথম



কামিল পরীক্ষায় মুহাম্মদ খলিলুর রহমান প্রথম

### সম্মিলিত মেধা তালিকা

এবারের আলিম, সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির গ্রুপের পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় রয়েছে--প্রথম ঃ কুমিল্লার ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ হারুণর রশীদ (রোল নম্বর ৬৬৪, বিজ্ঞান), দ্বিতীয় ঃ ঢাকার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার ছাত্র মোহাম্মদ জুলকার নাইন (রোল নম্বর ৩০২৭, সাধারণ), তৃতীয় ঃ চাঁদপুরের ফরাজিকান্দি ওয়াইদিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ আবদুর রহমান (রোল নম্বর ৬৮৮, বিজ্ঞান), চতুর্থ ঃ সিলেটের শাহজালাল ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র সৈয়দ মুহাম্মদ ফয়জুল্লাহ বাহার (রোল নম্বর ২৮৬৯৬, সাধারণ), পঞ্চম ঃ চাঁদপুরের ফরাজিকান্দি ওয়াইদিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ কামরুজ্জামান (রোল নম্বর ৬৯১, বিজ্ঞান), ষষ্ঠ ঃ নওগাঁর ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র মোহাম্মদ একরামুল হক (রোল নম্বর ৩১৮, বিজ্ঞান), সপ্তম ঃ ঝিনাইদহের কোট চাঁদপুর সিনিয়র মাদ্রাসার ছাত্র মোহাম্মদ তাওহীদ আল বিরুনী (রোল নম্বর ৭৩৪, বিজ্ঞান), অষ্টম ঃ যশোরের আমিনিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র বি এম মাসুদ পারভেজ (রোল নম্বর ৫১২, বিজ্ঞান) কুমিল্লার খলারপাড় ওয়াজেদিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র মোহাম্মদ জাকির হোসেন (রোল নম্বর ৬৮২, বিজ্ঞান), নবম ঃ চট্টগ্রামের গহিরা এফ কে জামেউল উলুম আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ ফোরকান (রোল নম্বর ৭১৩, বিজ্ঞান), দশম ঃ ঢাকার মাদ্রাসা-ই-আলিয়ার ছাত্র আবুল ফজল মাহমদুন্নবী (রোল নম্বর দুই, বিজ্ঞান), একাদশ ঃ চাঁদপুরের ফরাজিকান্দি ওয়াইদিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ নূরুল হুদা চৌধুরী (রোল নম্বর ৬৯০, বিজ্ঞান), দ্বাদশ ঃ ঢাকার মাদ্রাসা-ই-আলিয়ার ছাত্র মোহাম্মদ মোতাহার হোসেন (রোল নম্বর এক, বিজ্ঞান), ত্রয়োদশ ঃ কুমিল্লার আল আমিন ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র মোহাম্মদ মোস্তফা কামাল (রোল নম্বর ৩১৮৮৬, সাধারণ), চতুর্দশ ঃ ঢাকার শরীফবাগ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র আসাদুল ইসলাম (রোল নম্বর ৪৩, বিজ্ঞান) ও পঞ্চদশ ঃ গাজীপুরের চান্দাবহ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসার ছাত্র মোহাম্মদ শফিকুর রহমান (রোল নম্বর ৩৭১৯, সাধারণ)।